



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এর দপ্তর
বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।

আন্তর্জাতিক বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি

“ বিনা টিকেটে রেল ভ্রমণ থেকে বিরত থাকুন ”

“ট্রেনে ভ্রমণকালে কিংবা স্টেশন প্ল্যাটফরমে অপরিচিত কারো নিকট হতে কিছু খাবেন না”

বিজ্ঞপ্তি নং : ২০১৭-১৮/০৩

তারিখঃ ০৮-০২-২০১৮ ইং।

সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম কর্তৃক নিম্নলিখিত ব্যবহারের অযোগ্য স্টীল মালামাল “যেখানে যে অবস্থায় আছে” এই ভিত্তিতে বিক্রয়ের জন্য সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ	দরপত্র নম্বর	মালামালের সংক্ষিপ্ত বিবরণ	পরিমাণ	মালামালের অবস্থান	প্রতি সেট দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র দলিল বিক্রির তারিখ	দরপত্র খোলার তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	সেল/২০১৭/২৩	বিভিন্ন সাইজের অকেজো রেল।	৪,৮৩০.২০৮ এমটন	এসএসএই/ওয়ে/সিজিডি, এসএসএই/ওয়ে/লাকসাম, এসএসএই/ওয়ে/চট্টগ্রাম, এবং এসএসএই/ওয়ে/কুমিল্লা এর অধীনে মজুদ আছে।	৭৫০.০০	১৯-০২-১৮ হইতে ০৫-০৩-১৮	০৬-০৩-১৮

২.০০। দরপত্রে অংশগ্রহণের যোগ্যতা :-

- ২.০১। যে কোন বিদেশী আমদানিকারক স্ব স্ব সরকারের অনুমতি পূর্বক উক্ত স্টীল সামগ্রী আমদানী করিতে পারিবেন।
- ২.০২। বাংলাদেশী রপ্তানিকারকের রপ্তানী সনদ থাকিতে হইবে।
- ২.০৩। বাংলাদেশের যে কোন সরকারী সংস্থা/সেঙ্গির কর্পোরেশন অথবা প্রাইভেট সংস্থা যাহাদের নিকট মেল্টিং ফার্নেস ও রি-রোলিং মিল আছে এবং ঐ সমস্ত মালামাল তৈরীর জন্য যথোপযুক্ত ক্ষমতাসম্পন্ন হইতে হইবে এবং দরপত্রে আহ্বানকৃত মালামাল ৬০ (নব্বই) দিনের মধ্যে গলাইয়া রপ পরিবর্তন করিতে হইবে।
- ৩.০০। দরপত্র দলিল ১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, ২) প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম, ৩) সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম ও ৪) এসিওএস, ঢাকা, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা এর কার্যালয় হইতে শুক্রবার ও শনিবার ব্যতীত সকল কর্মকালীন দিবসে প্রতি সেট দরপত্রের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা (অফেরৎ যোগ্য) (অফেরৎ যোগ্য) এবং ডাক খরচ বাবদ ৩০ (ত্রিশ) টাকা (যদি দূরবর্তী স্থানে ডেসপাচ করার জন্য প্রয়োজন হয়) নগদ পরিশোধ সাপেক্ষে ক্রয় করা যাইবে।
- ৪.০০। দরপত্র সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর ঠিকানায় ১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, ২) প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম, ৩) সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম ও ৪) এসিওএস, ঢাকা, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা কার্যালয়ে ঐ তারিখ অথবা তৎপূর্বে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে দাখিল করিতে হইবে। দরপত্র ১) প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম, ২) সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম ও ৩) এসিওএস, ঢাকা, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা এর কার্যালয়ে দরদাতা অথবা তাহাদের প্রতিনিধি (যদি কেউ থাকেন) এর উপস্থিতিতে বেলা ১২.৩০ ঘটিকায় খোলা হইবে।
- ৫.০০। দরপত্র দলিল বিক্রির শেষ দিন যদি অফিস বন্ধ থাকে সেইক্ষেত্রে পরবর্তী কার্যদিবস দরপত্র বিক্রির শেষ দিন হিসাবে গণ্য হইবে এবং দরপত্র দাখিল ও খোলার তারিখ ও পরবর্তী কার্যদিবসে পরিবর্তিত হইবে। অফিস চলাকালীন সময়ে সিওএস (পূর্ব), সিআরবি দপ্তরে রক্ষিত নির্ধারিত কমনবল্ডে দরপত্র সমূহ দাখিল করা যাইবে। যদি দরপত্র দাখিল এবং খোলার তারিখ বন্ধের দিন/অনিবার্য পরিস্থিতির দিন হয়, দরপত্র দাখিল ও খোলার কাজ পরবর্তী কার্যদিবসে অনুষ্ঠিত হইবে। দরপত্র দাখিল/খোলার তারিখের ব্যাপারে অন্য কোন পরিবর্তন বা সংশোধন জারী করা হইবে না। দরপত্র দলিলে অন্যান্য তথ্যাবলী পাওয়া যাইবে।
- ৬.০০। দরপত্রের নিরাপত্তা জামানত হিসাবে উদ্ভূত দর ১ হইতে ৫০ লক্ষ টাকা পর্যন্ত ১৫%, ৫০ লক্ষ হইতে ১ কোটি টাকা পর্যন্ত ১২% এবং ১ কোটি হইতে ততোধিক ১০% বায়না/আনুষ্ঠানিক যে কোন সিডিউল ব্যাংক (ন্যাশনাল ব্যাংক ব্যতীত) হইতে অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রামের অনুকূলে পে-অর্ডার/ডিডি আকারে দরপত্রের সহিত অবশ্যই জমা দিতে হইবে। জামানতের পরিমাণ কম হইলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৭.০০। দরপত্র খোলার তারিখ হইতে ৯০ (নব্বই) দিন দরপত্রের মেয়াদ বলবৎ থাকিবে। কোন অবস্থাতেই দরপত্রের মেয়াদ উত্তীর্ণ অথবা দরপত্র নিষ্পত্তির পূর্বে জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে না।

(ফরিদ আহমেদ)

সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব),
বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।